প্রথম আলো

তারিখ ... 6 AUG 2009

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে

# শেরেবাংলা নগরের কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট বন্ধ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর শেরেবাংলা নগরের কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট গতকাল বুধবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। রাত ১১টার মধ্যেই শিক্ষার্থীদের হল ছেড়ে চলে যাওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়। আট দফা দাবি বাস্তবায়নের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে এই ঘোষণা দেওয়া হলো।

শিক্ষার্থী সূত্রে জানা গেছে, আট দফা দাবি বাস্তবায়নের জন্য তারা জুলাই মাসে কেন্দ্রীয় শহীদ মিনারে চার দিন অনশন করে। ২০ জুলাই তাদের অনশন ভাঙান কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি শওকত মোমেন শাহজাহান। তখন তিনি আশ্বাস দিয়েছিলেন, আট দফা দাবি কৃষিমন্ত্রীর কাছে সরাসরি উপস্থাপন করতে পারবে শিক্ষার্থীরা। কিন্তু এই আশ্বাস তাদের কোনো কাজে আসেনি। বাধ্য হয় গতকাল তারা ক্যাম্পাসে অবরোধ করে। এ সময় অধ্যক্ষ, মুখ্য প্রশিক্ষক, উর্ধ্বতন প্রশিক্ষক ও প্রশিক্ষকদের কক্ষে যাওয়ার পথ অবরোধ করে রাখে শিক্ষার্থীরা। পরে সেখানকার পানি ও বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেওয়া হয়। সারা দিন এভাবে চলার পর সন্ধ্যায় ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করা হয়।

কৃষি ডিপ্লোমা কেন্দ্রীয় ছাত্রকল্যাণ পরিষদের সভাপতি মো. শহীদুল ইসলাম *প্রথম আলোকে* বলেন, তাঁরা আট দফা দাবি জানিয়েছিলেন। এর মধ্যে প্রধান দাবি হচ্ছে, প্রকৌশল ডিপ্লোমা শিক্ষার্থীদের মতো কৃষি ডিপ্লোমা শিক্ষার্থীদেরও উচ্চশিক্ষার ব্যবস্থা করতে হবে। এ জন্য স্বতন্ত্র কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে।

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ আজিজুর রহমান বলেন, 'শিক্ষার্থীদের দাবিগুলো বাস্তবায়নের বিষয়টি মন্ত্রণালয়ে আগে থেকেই প্রক্রিয়াধীন। পুরো প্রক্রিয়াটি একটি দীর্ঘমেয়াদি বিষয়। কিন্তু শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে দাবিগুলোর বাস্তবায়ন চায়, যা করার কোনো ক্ষমতা ইনস্টিটিউটের কারও হাতে নেই।'

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ রিয়াজ হোসেন জানান, তাঁরা আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে রাস্তায় টহলের ব্যবস্থা করেছেন। শান্তিপূর্ণ উপায়ে ঘটনা শেষ হওয়ায় সন্তোষ প্রকাশ করেন রিয়াজ হোসেন।